

পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বিষয়ক স্থায়ী কমিটির অনুষ্ঠিত সভার অনুলিপি ।  
স্থানঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়। তারিখঃ ২৬/১/২০২২ খ্রিঃ। সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষরঃ

ক্রঃ নং	নাম	কমিটির অবস্থান	স্বাক্ষর
১	জনাব দেবশীষ মিশ্র জয় উপজেলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	স্বাক্ষরিত
২	চেয়ারম্যান, পাতিবিলা ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৩	চেয়ারম্যান, নারায়নপুর ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৪	চেয়ারম্যান, সুখপুকুরিয়া ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৫	চেয়ারম্যান, পাশাপোল ইউনিয়ন পরিষদ	সদস্য	স্বাক্ষরিত
৬	উপজেলা সমবায় অফিসার	সদস্য	স্বাক্ষরিত
৭	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার	সদস্য সচিব	স্বাক্ষরিত

পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব দেবশীষ মিশ্র জয় মহোদয়ের সভাপতিত্ব শুরু করা হয়।

সভায় পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব ও উপজেলা পল্লী উন্নয়ন অফিসার উপস্থিত সকল সম্মানিত সদস্যদের শুভেচ্ছা ও স্বাগত জানান। পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) ও সমবায় বিভাগ সমবায় সমিতি গঠন এবং সমবায় সমিতির সমবায়ী সদস্যদের সঞ্চয় জমার মাধ্যমে পুঁজি গঠনসহ বিভিন্ন কর্মসূচী ভিত্তিক ঋণ প্রদান পূর্বক তাদের আত্মসামাজিক অবস্থার উন্নয়নে নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। সমবায়ী সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করলে তাদের কর্মদক্ষতা বৃদ্ধি পাবে। সেই লক্ষ্যে সমিতি/দলের সমবায়ীদের গরু মোটাতাজাকরন ও সবজিচাষ কর্মকাণ্ডে প্রশিক্ষণ প্রদান করলে সমিতির সদস্যগণ আত্মসামাজিক অবস্থার উন্নয়ন ঘটিয়ে আর্থিক ভাবে লাভবান হবে এবং তাদের পদাংক অনুসরণ করে গ্রামের অন্যান্য দরিদ্র সদস্য সমিতির সাথে জড়িত হয়ে নিজেদের আত্মসামাজিক অবস্থার উন্নয়নের জন্য সচেষ্ট হবে।

সদস্য সচিব সমিতি/দলের সদস্যদের জন্য গরু মোটাতাজাকরন ও সবজিচাষ কর্মকাণ্ডে বিষয়ে প্রশিক্ষণের জন্য একটি প্রকল্প গ্রহণের নিমিত্ত উপস্থিত সদস্যদের সদয় মনোযোগ ও দৃষ্টি আকর্ষণ করেন। সদস্য সচিব খসড়াভাবে প্রস্তুতকৃত সদস্যদের প্রশিক্ষণ প্রদানের জন্য একটি প্রকল্প সভায় উপস্থাপন করেন। প্রকল্পটির বিষয়ে আলোচনা ও পর্যালোচনায় সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) এর পল্লী উন্নয়ন ও সমবায় খাতের অংশ হতে গরু মোটাতাজাকরন ও সবজিচাষ কর্মকাণ্ডে সমবায়ী সদস্যদের প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষনোত্তর সহায়তা প্রদানের জন্য ৯,৫০,০০০/- (নয় লক্ষ পঞ্চাশ) টাকা বরাদ্দের জন্য উপজেলা সমবায় সভায় উপস্থাপনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে সদস্য সচিবকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত  
সভাপতি  
পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বিষয়ক স্থায়ী কমিটি  
ও  
উপজেলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
চৌগাছা, যশোর